ধর্ম নয়, ঐক্যের ভিত্তিতেই জাতি গঠনে বিশ্বাসী জামায়াত: জামায়াত আমির



সংগৃহীত ছবি

জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, দলটি ধর্মের ভিত্তিতে জাতিকে বিভাজিত করার পক্ষে নয়। তিনি মনে করেন, সমাজে শান্তি প্রতিষ্ঠা করতে হলে নেতৃত্বে থাকতে হবে আল্লাহভীরু ও নৈতিক মানুষদের। পাশাপাশি শিক্ষিত ওলামায়েদের জাতিকে সঠিক পথে পরিচালনা করার আহ্বান জানান তিনি।

ধর্মের ভিত্তিতে জাতিকে বিভাজনের বিপক্ষে অবস্থান জানিয়েছেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। শনিবার (৪ অক্টোবর) সকালে রাজধানীর আল-ফালাহ মিলনায়তনে অনুষ্ঠিত "দাঈ ও ওয়ায়েজ সম্মেলন"-এ প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন।

তিনি বলেন, "বাংলাদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির এক অনন্য উদাহরণ। এখানে ধর্ম-বর্ণ নির্বিশেষে সবাই মিলেমিশে শান্তিপূর্ণভাবে বসবাস করে। আমাদের লক্ষ্য হওয়া উচিত সমাজে আল্লাহভীরু, সৎ ও নৈতিক নেতৃত্ব প্রতিষ্ঠা করা।"

ডা. শফিকুর আরও বলেন, "একজন শিক্ষিত মানুষ জাতির যে ক্ষতি করতে পারে, তা হাজার অশিক্ষিত মানুষ মিলেও করতে পারে না। স্বাধীনতার এত বছর পরেও আমরা প্রকৃত অর্থে একটি মানবিক সমাজ গড়ে তুলতে পারিনি। এ অবস্থায় ওলামায়েদেরই জাতিকে পথ দেখাতে হবে।"

তিনি জোর দিয়ে বলেন, কোরআন ও হাদিসের জ্ঞানের আলোয় সমাজে ন্যায়, শান্তি ও মানবিক মূল্যবোধ প্রতিষ্ঠার মধ্য দিয়েই জাতির প্রকৃত উন্নয়ন সম্ভব।